বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নম্বর : ১৬.০৬.০০০০.০০০.০৫.০০৩.২২. ৫৭(১)

তারিখ : ১৭-০২-২০২২খ্রি:

বিষয় : সেবা সহজিকরণ সংক্রান্ত ডকুমেন্টশন তথ্য বাতায়নে প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ের জানানো যাচ্ছে যে, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র সংযোজনী ৬: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর কার্যক্রম নং [১.২] একটি সেবা ২৫.০২.২০২২ তারিখের মধ্যে সহজিকরণের লক্ষ্যমাত্রা রয়েছে। লক্ষ্যমাত্রার সেবা সহজিকরণ ডকুমেন্টেশন, ২০২১-২০২২ প্রস্তুত করা হয়েছে (পতাকা-ক)।

এমতাবস্থায়, ডকুমেন্টেশনটি ট্রাস্টের তথ্য বাতায়নে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

17/02/2022

(জয়দত্ত বড়ুয়া)
সচিব
বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট।

সুখময় চাকমা
আইটি সহকারী ও ইনোভেশন টিম সদস্য,
বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট।

ঠিকানা: ধর্মরাজিক বৌদ্ধ বিহার কমপ্লেক্স, অতিশ দীপঙ্কর সড়ক, সবুজবাগ, বাসাবো, ঢাকা-১২১৪
ফোন : ৮৮-০২-৭২৭২৬৪৭, ৭২৭৭৫৬০, ই-মেইল : brwt2010@gmail.com, ওয়েব : **www.brwt.gov.bd**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# সেবা সহজিকরণ ২০২১-২০২২

বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট

www.brwt.gov.bd

## ১. বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট সম্পর্কিত

বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন একটি বিধিবদ্ধ সংস্থা। দেশের বৌদ্ধ জনসাধারণের ধর্মীয় কল্যাণ সাধনের লক্ষ্যে ১৯৮৩ সনের মহামান্য রাষ্ট্রপতির ৬৯ নম্বর অধ্যাদেশ-এর ৩ ধারার বিধান অনুসারে ১৯৮৪ সনে বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট প্রতিষ্ঠিত হয়।

২০১৮খ্রিস্টাব্দে সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নম্বর আইন) এর বিধান অনুসারে Buddhist Religious Welfare Trust Ordinance, 1983 রহিতক্রমে উহা পরিমার্জনপূর্বক পুন:প্রণীত বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট আইন, ২০১৮ (২০১৮ সনের ১৭ নং আইন) মহান জাতীয় সংসদে পাশ করা হয়। বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট আইন, ২০১৮ (২০১৮ সনের ১৭ নং আইন) এর বিধান অনুসারে বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট পরিচালিত।

## ২. রূপকল্প (Vision) ও অভিলক্ষ্য (Mission)

**রূপকল্প :** ধর্মীয় মূল্যবোধ ও নৈতিকতা সম্পন্ন বৌদ্ধ সম্প্রদায়।

**অভিলক্ষ্য :** দেশের বৌদ্ধ সম্প্রদায়ের সার্বিক কল্যাণে বৌদ্ধ ধর্মীয় প্রতিষ্ঠান সংস্কার ও উন্নয়নে সহায়তা প্রদান, বিভিন্ন ধর্মীয় উৎসব উদযাপন এবং ধর্মীয় ও নৈতিক শিক্ষার প্রসারের মাধ্যমে সাম্প্রদায়িক সম্প্রীতি সুদৃঢ়করণ।

## ৩ কৌশলগত উদ্দেশ্য

১. ধর্মীয় মূল্যবোধ ও নৈতিকতার উন্নতি

২. বৌদ্ধ ধর্মীয় উৎসব উদযাপনে সহায়তা প্রদান।

৩. ধর্মীয় প্রতিষ্ঠান ও শ্মশানের অবকাঠামোসমূহের মানোন্নয়ন।

৪. অসচ্ছল বৌদ্ধ ভিক্ষু ও অসহায়দের চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান।

## ৪ প্রধান কার্যাবলি :

১. শিশুদের প্রাক-প্রাথমিক, ধর্মীয় ও নৈতিক শিক্ষা প্রদান।

৩. বিনামূল্যে পাঠ্যপুস্তক ও শিক্ষা উপকরণ বিতরণ।

৪. ধর্মীয় উৎসব উদযাপনের জন্য আর্থিক সহায়তা প্রদান।

৫. বৌদ্ধ ধর্মীয় প্রতিষ্ঠান ও শ্মশান সংস্কার ও মেরামতে অনুদান প্রদান।

৬. অসচ্ছল বৌদ্ধ ভিক্ষু ও অসহায়দের চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান।

৫. সেবা প্রদান প্রতিশ্রুতি সেবাসমূহ :

৫.১ নাগরিক সেবা

| ক্রম | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১. | বৌদ্ধ ধর্মীয় প্রতিষ্ঠানের অবকাঠামোসমূহের মানোন্নয়ন | (১) নির্ধারিত ফর্মে আবেদন। (২) যাচাই-বাছাই ও অনুদান প্রদান | (১) প্রতিষ্ঠানের ভূমির স্বত্ব প্রমাণপত্র; (২) পরিচালনা পরিষদের নির্বাচনী কার্যবিবরণী www.brwt.gov.bd ওয়েবসাইটে আবেদন ফরম পাওয়া যাবে। ট্রাস্টের ঢাকা অফিসঃ ধর্মরাজিক বৌদ্ধ মহাবিহার কমপ্লেক্স, অতিশ দীপংকর সড়ক, বাসাবো, ঢাকা | বিনামূল্যে | ৩০দিন | জয়দত্ত বড়ুয়া সচিব ফোন : ০২-৭২৭২৬৪৭ ইমেইল: brwt2010@gmail.com |
| ২. | বৌদ্ধ ধর্মীয় উৎসব উদযাপনে সহায়তা প্রদান | (১) নির্ধারিত ফর্মে আবেদন। (২) যাচাই-বাছাই ও অনুদান প্রদান | (১) প্রতিষ্ঠানের ভূমির স্বত্ব প্রমাণপত্র; (২) পরিচালনা পরিষদের নির্বাচনী কার্যবিবরণী www.brwt.gov.bd ওয়েবসাইটে আবেদন ফরম পাওয়া যাবে। ট্রাস্টের ঢাকা অফিসঃ ধর্মরাজিক বৌদ্ধ মহাবিহার কমপ্লেক্স, অতিশ দীপংকর সড়ক, বাসাবো, ঢাকা | বিনামূল্যে | ৩০দিন | জয়দত্ত বড়ুয়া সচিব ফোন : ০২-৭২৭২৬৪৭ ইমেইল: brwt2010@gmail.com |
| ৩. | অসচ্ছল বৌদ্ধ ভিক্ষু ও অসহায়দের চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান | (১) নির্ধারিত ফর্মে আবেদন। (২) যাচাই-বাছাই ও আর্থিক প্রদান | (১) ছবি; (২) জাতীয় পরিচয়পত্র (NID); (৩) চিকিৎসার সংক্রান্ত কাগজপত্র www.brwt.gov.bd ওয়েবসাইটে আবেদন ফরম পাওয়া যাবে। ট্রাস্টের ঢাকা অফিসঃ ধর্মরাজিক বৌদ্ধ মহাবিহার কমপ্লেক্স, অতিশ দীপংকর সড়ক, বাসাবো, ঢাকা | বিনামূল্যে | ৩০দিন | জয়দত্ত বড়ুয়া সচিব ফোন : ০২-৭২৭২৬৪৭ ইমেইল: brwt2010@gmail.com |
| ৪. | তথ্য প্রদান | সেবা প্রত্যাশিদের নিকট হতে সরাসরি কিংবা ই-মেইলে আবেদন প্রাপ্তির পর চাহিত তথ্য সংরক্ষিত থাকলে চাহিত তথ্য প্রদান করা হয়। | তথ্য অধিকার আইন, ২০০৯-এ উল্লিখিত নির্ধারিত ফরম তথ্য কমিশনের ওয়েবসাইটে www.infocom.gov.bd এবং বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের ওয়েবসাইট www.brwt.gov.bd -এ পাওয়া যাবে। | তথ্য অধিকার আইন অনুসারে প্রতি পৃষ্ঠা ২(দুই) টাকা | ২০ দিন | জয়দত্ত বড়ুয়া সচিব ফোন : ০২-৭২৭২৬৪৭ ইমেইল: brwt2010@gmail.com |

৫.) প্রাতিষ্ঠানিক সেবা

| ক্রম | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১. | মন্ত্রণালয় কর্তৃক চাহিত প্রতিবেদন ও তথ্যাদি প্রেরণ করা | চাহিদার ভিত্তিতে | পত্রের চাহিদা মাফিক | বিনামূল্যে | ৭ দিন | জয়দত্ত বড়ুয়া, সচিব ফোন : ০২-৭২৭২৬৪৭ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ২. | সংসদ কর্তৃক যাচিত প্রশ্নোত্তর | চাহিদার ভিত্তিতে | পত্রের চাহিদা মাফিক | বিনামূল্যে | ৭ দিন | ই-মেইল: brwt2010@gmail.com |
| ৩. | রাষ্ট্রীয় বিভিন্ন অনুষ্ঠানে বৌদ্ধ ভিক্ষু প্রেরণ করা | মন্ত্রণালয়/সংস্থা/ অধিদপ্তর/ দপ্তর এর পত্রের প্রেক্ষিতে | পত্রের চাহিত তথ্য অনুযায়ী তথ্য প্রেরণ করা | বিনামূল্যে | ৭ দিন | জয়দত্ত বড়ুয়া, সচিব ফোন : ০২-৭২৭২৬৪৭ ই-মেইল: brwt2010@gmail.com |
| ৪. | অডিট আপত্তির ব্রডশীতের জবাব প্রেরণ। | নির্ধারিত ফরম্যাটে | প্রযোজ্য প্রমানপত্র | বিনামূল্যে | প্রযোজ্য নয়। | জয়দত্ত বড়ুয়া, সচিব ফোন : ০২-৭২৭২৬৪৭ ইমেইল: brwt2010@gmail.com |

## ৫.৩ অভ্যন্তরীণ সেবা

| ক্রম | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১. | ট্রাস্টের কর্মকর্তা কর্মচারিদের নিয়োগ/পদোন্নতি। | (১) আবেদনপত্র (২) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন | (১) চুড়ান্ত নির্বাচনের ফলাফল, (২) প্রযোজ্যক্ষেত্রে ছাড়পত্র (৩) এসিআর | বিনামূল্যে | ১৮০ দিন | জয়দত্ত বড়ুয়া সচিব ফোন : ০২-৭২৭২৬৪৭ ইমেইল: brwt2010@gmail.com |
| ২. | ট্রাস্টের কর্মকর্তা, কর্মচারিদের পেনশন কেস প্রক্রিয়াকরণ/ মঞ্জুরকরণ। | (১) নির্ধারিত ফর্মে আবেদন (২) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন | (১) এসএসসি সনদ (২) ছুটির রিপোর্ট (৩) প্রযোজ্য প্রত্যয়নপত্র | বিনামূল্যে | ৩০ দিন | |
| ৩. | ট্রাস্টের মৃত কর্মকর্তা, কর্মচারিদের ভবিষ্যৎ তহবিলে জমাকৃত টাকা প্রাপ্তি/আদায়ের ব্যবস্থা গ্রহণ ও ঋণ মওকুফ। | (১) আবেদনপত্র (২) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন | প্রযোজ্য প্রত্যয়নপত্র | বিনামূল্যে | ১০ দিন | |
| ৪. | অবসর প্রস্ত্ততিমূলক ছুটি/পিআরএল-এ যাওয়ার জন্য সকল শ্রেণীর কর্মকর্তা, কর্মচারির আবেদনপত্রের উপর ব্যবস্থা গ্রহণ/ না দাবি প্রত্যয়নপত্র প্রদান। | (১) আবেদনপত্র (২) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন | (১) এসএসসি সনদ (২) ছুটির রিপোর্ট | বিনামূল্যে | ১০ দিন | |
| ৫. | সকল শ্রেণীর কর্মকর্তা/কর্মচারীর ব্যক্তিগত যে কোন আবেদন, অভিযোগ নিষ্পত্তিকরণ। | (১) আবেদনপত্র (২) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন | প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট কাগজপত্র | বিনামূল্যে | ৭ দিন | |
| ৬. | সকল শ্রেণীর কর্মকর্তা/কর্মচারীর বিভিন্ন অগ্রিম মঞ্জুরী। | (১) আবেদনপত্র (২) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন | প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট কাগজপত্র | বিনামূল্যে | ৭ দিন | |

## ৫.৪. আপনার কাছে আমাদের প্রত্যাশা

| ক্রমিক নং | প্রতিশ্রুতি/কাঙ্ক্ষিত সেবা প্রাপ্তির লক্ষ্যে করণীয় |
|---|---|
| ১) | স্বয়ংসম্পূর্ণ আবেদন জমা প্রদান |
| ২) | যথাযথ প্রক্রিয়ায় প্রয়োজনীয় ফিস পরিশোধ করা |
| ৩) | সাক্ষাতের জন্য নির্ধারিত সময়ের পূর্বেই উপস্থিত থাকা |
| ৪) | অনাবশ্যক ফোন/তদবির না করা |

## ৫.৫ অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ( GRS )

সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করুন। তার কাছ থেকে সমাধান পাওয়া না গেলে নিম্নোক্ত পদ্ধতিতে যোগাযোগ করে আপনার সমস্যা অবহিত করুন।

| ক্র.ম | কখন যোগাযোগ করবেন | কার সঙ্গে যোগাযোগ করবেন | যোগাযোগের ঠিকানা | নিষ্পত্তির সময়সীমা |
|---|---|---|---|---|
| ০১ | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারিত সময়সীমার মধ্যে সমাধান দিতে না পারলে | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) | জয়দত্ত বড়ুয়া<br>সচিব, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট<br>ফোন : ০২-৭২৭২৬৪৭<br>ইমেইল:<br>brwt2010@gmail.com | ৩০ দিন |
| ০২ | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা নির্দিষ্ট সময়সীমার মধ্যে সমাধান দিতে না পারলে | আপিল কর্মকর্তা | মো: রবিউল ইসলাম<br>যুগ্মসচিব (বাজেট, হিসাব ও অডিট)<br>বাজেট, হিসাব ও অডিট অধিশাখা<br>ধর্ম বিষয়ক মন্ত্রণালয়<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা<br>ওয়েব:<br>www.mora.gov.bd<br>মোবাইল:<br>০১৮১৭৫৪৫৪১৪ | ৩০ দিন |
| ০৩ | আপিল কর্মকর্তা নির্দিষ্ট সময়সীমার মধ্যে সমাধান দিতে না পারলে | মন্ত্রিপরিষদ বিভাগের অভিযোগ ব্যবস্থাপনা সেল | অভিযোগ গ্রহণ কেন্দ্র<br>৫নম্বর গেইট, বাংলাদেশ সচিবালয়, ঢাকা<br>ওয়েব:<br>www.grs.gov.bd | ৯০ দিন |

**৬. সেবা সহজিকরণ ২০২২-২০২৩ বিস্তারিত বিবরণ**

**৬.১ ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান প্রদান সহজিকরণ**

**বাস্তবায়নকারী : বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট**

**সমস্যা :**

বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট থেকে প্রতি অর্থবছরে বৌদ্ধ ধর্মীয় প্রতিষ্ঠানে (বিহার/প্যাগোডা ও শ্মাশন)সংস্কার/মেরামতের জন্য অনুদান প্রদান করা হয়ে থাকে। ধর্মীয় প্রতিষ্ঠানের সভাপতি বা সাধারণ সম্পাদক নির্ধারিত আবেদন ফর্মটি প্রধান কার্যালয় অথবা অস্থায়ী জেলা শাখা অফিস থেকে সংগৃহ করতে হয় এবং নির্ধারিত আবেদন ফরমটি পুরণ করতে হয়। পুরণকৃত ফর্মে দুইটি প্রত্যয়ন গ্রহণ করতে হয়। প্রথমত, প্রত্যয়ন গ্রহণের জন্য স্থানীয় চেয়ারম্যান/মেয়র/কাউন্সিলর এর কাছে যেতে হয়; স্থানীয় চেয়ারম্যান/মেয়র/কাউন্সিলর কর্তৃক যাচাই এর পর তা প্রত্যয়ন প্রদান করা হয়। দ্বিতীয়ত, প্রত্যয়ন গ্রহণের জন্য জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার এর কাছে যেতে হয় এবং যাচাইপূর্বক প্রত্যয়ন প্রদান করা হয়। আবেদনকারীকে প্রত্যয়ন গ্রহণের জন্য এতগুলো ধাপ অনুসরণ করার কারনে তার সময়, অর্থ এবং ভিজিট সংখ্যা বেড়ে যায়।

**সেবা সহজিকরণ:**


বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান প্রদান প্রক্রিয়া সহজিকরণ করার জন্য আবেদন প্রক্রিয়ায় ধাপ কমিয়ে আনা হয়েছে যার মাধ্যমে একজন উপকারভোগী পূর্বের চেয়ে অনেক সহজে, কম সময়ে ও কম খরচে আবেদন জনা দিতে পারেন। উক্ত প্রক্রিয়া বাস্তবায়নের জন্য নির্ধারিত আবেদন ফর্মটিতে পরিবর্তন আনা হয় এবং অনলাইনে (ওয়েবসাইটে) নতুন ফরম প্রকাশ করা হয়।উক্ত সহজিকরণ প্রক্রিয়ায় ধর্মীয় প্রতিষ্ঠানের পক্ষে আবেদনকারী ব্যক্তি শুধুমাত্র স্থানীয় মেম্বার/চেয়ারম্যান/মেয়র/কাউন্সিলর-এর কাছ থেকে প্রত্যয়ন গ্রহণ করে আবেদন করতে পারবেন।

পূর্বের সেবা পদ্ধতি বিশ্লেষণ :

| সেবা প্রদানের ধাপ | কার্যক্রম | প্রতি ধাপের সময় (দিন/ঘন্টা/মিনিট) | সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবি) |
|---|---|---|---|
| ধাপ-১ | আবেদন ফরম সংগ্রহ | ১ দিন | প্রতিষ্ঠানের পক্ষে আবেদনকারী ব্যক্তি |
| ধাপ-২ | আবেদন ফরম পূরণ | ১ দিন | প্রতিষ্ঠানের পক্ষে আবেদনকারী ব্যক্তি |
| ধাপ-৩ | স্থানীয় চেয়ারম্যান/মেয়র/ কাউন্সিলর নিকট গমণ | ১ দিন | প্রতিষ্ঠানের পক্ষে আবেদনকারী ব্যক্তি |
| ধাপ-৪ | স্থানীয় চেয়ারম্যান/মেয়র/ কাউন্সিলর কর্তৃক যাচাই ও প্রত্যয়ন প্রদান | ১ দিন | স্থানীয় চেয়ারম্যান/মেয়র/ কাউন্সিলর |

| | | | |
|---|---|---|---|
| ধাপ-৫ | জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার নিকট গমণ | ১ দিন | প্রতিষ্ঠানের পক্ষে আবেদনকারী ব্যক্তি |
| ধাপ-৬ | জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক যাচাই ও প্রত্যয়ন প্রদান | ১ দিন | জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার |
| ধাপ-৭ | আবেদন পত্র দাখিল | ১ দিন | প্রতিষ্ঠানের পক্ষে আবেদনকারী ব্যক্তি |

পূর্বের পদ্ধতির প্রসেস ম্যাপ





- ধাপ সংখ্যা = ৬টি
- সম্পৃক্ত জনবল = ৭ জন
- সময় সর্বোচ্চ = ১৪ দিন
- খরচ = প্রায় ৪৭০০ টাকা

কী কী কাগজপত্র প্রয়োজন

১। আবেদন ফরম -১টি
২। ভূমির সত্ত্ব দলিল-১কপি
৩। স্থাবর ও অস্থাবর সম্পত্তি তালিকা
৪। দায়ক-দায়িকার নামের তালিকা
৫। বাজেট
৬। কার্যকরি কমিটির সভার বিবরণী

প্রস্তাবিত সেবার প্রসেস ম্যাপ

## সেবার নাম : বৌদ্ধ বিহার/প্যাগোডা/ শ্মশান সংস্কার ও মেরামতের আবেদন প্রক্রিয়া




- ধাপ সংখ্যা = ৫ টি
- সম্পৃক্ত জনবল = ৩ জন
- সময় সর্বোচ্চ = ৫ দিন
- খরচ = ৮০০ টাকা

**কী কী কাগজপত্র প্রয়োজন :**

১। আবেদন ফরম- ১টি

২। কার্যকরী কমিটির সভার বিবরণী ফটোকপি

# TCV অনুসারে বিদ্যমান, প্রস্তাবিত ও অভিনব পদ্ধতি বিশ্লেষণ

TCV (Time, Cost & Visit) অনুসারে নিম্নের ছকে বিদ্যমান, প্রস্তাবিত ও অভিনব পদ্ধতি বিশ্লেষণ করতে হবে প্রস্তাবিত পদ্ধতির গুরুত্ব বুঝাতে এটি কার্যকর ভূমিকা রাখবে।

| ক্ষেত্র | বিদ্যমান পদ্ধতি | প্রস্তাবিত পদ্ধতি | অভিনব পদ্ধতি (যদি থাকে) |
|---|---|---|---|
| সময় | ৩ ঘন্টা | ১৪ দিন | |
| খরচ (মোট নাগরিক + দাপ্তরিক) | ৪৭০০ টাকা | ৮০০ টাকা | |
| ভিজিট | ১৪ দিন | ৫ দিন | |
| ধাপ | ৬ টি | | |
| জনবল + কমিটি | ৬ জন | | |
| সেবার প্রাপ্তি স্থান | ট্রাস্ট অফিস/ ওয়েবসাইট | ওয়েবসাইট | |
| দাখিলীয় কাগজপত্রের সংখ্যা | ৬ ধরনের কাগজপত্র | ২ ধরনের কাগজপত্র | |